

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

ফার্মগেট, ঢাকা-১২১৫

www.barc.gov.bd

বাংলাদেশ GAP প্রোটোকল: আম ইংরেজি ভাষায় অনুবাদের জন্য গঠিত কমিটির ২য় সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মোঃ আবদুছ ছালাম
সদস্য পরিচালক (শস্য) ও
আহবায়ক GAP ইউনিট, বিএআরসি।
স্থান : সভাকক্ষ-২, বিএআরসি।
তারিখ : ১৯ অক্টোবর ২০২৫।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।


সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করে বলেন, বাংলাদেশে GAP বাস্তবায়নে বিএআরসি বাংলাদেশ GAP এর Scheme Owner (SO) হিসেবে ইতোমধ্যে ১৫টি নির্বাচিত ফসলের প্রোটোকল বাংলায় প্রণয়ন করেছে। বিশ্ব ব্যাংকের চাহিদার আলোকে চলতি অর্থবছরে আমের প্রোটোকল ইংরেজি ভাষায় অনুবাদের ২য় সভায় ড. মিয়া সাঈদ হাসান, GAP প্রোটোকল ডেভেলপমেন্ট এন্ড ট্রেনিং কনসালটেন্ট, PARTNER, এপিসিইউ-বিএআরসি অনুবাদ কার্যক্রম শুরু করেন। ড. হাসান আমের প্রোটোকলের দুই তৃতীয়াংশের অনুবাদের খসড়া এডিটিং করার লক্ষ্যে সভায় উপস্থাপন করেন এবং প্রোটোকলের শেষ অংশ ও পরিশিষ্ট 'ক' অংশ (মাটি ও পানির প্যারামিটার) এর প্রাথমিক খসড়া এডিটিং করার জন্য কমিটির সদস্য ড. আমজাদ হোসেন, বিশিষ্ট উদ্যানতত্ত্ববিদ ও প্রাক্তন মহাপরিচালক, বিনা এর নিকট সফট কপি হস্তান্তর করা হয়। পরবর্তীতে কমিটির সদস্যগণ কর্তৃক খসড়াটির প্রথম ১১ পৃষ্ঠা পর্যন্ত এডিটিং করা হয়।

২.০ সিদ্ধান্ত

সভায় অংশগ্রহণকারীদের মধ্যে উন্মুক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ২.১। নভেম্বর মাসের ১ম সপ্তাহের মধ্যে অনুষ্ঠেয় গঠিত কমিটির ৩য় সভায় প্রোটোকলের শেষ অংশের এডিটিং কার্যক্রম সম্পন্ন করা।
- ২.২। কমিটির সদস্যগণ কর্তৃক প্রোটোকলের খসড়ার শেষ অংশ ও পরিশিষ্ট 'ক' অংশ (মাটি ও পানির প্যারামিটার) এডিটিং করে GAP ইউনিট, বিএআরসি বরাবর প্রেরণ।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মোঃ আবদুছ ছালাম

সদস্য পরিচালক (শস্য) ও

আহবায়ক GAP ইউনিট, বিএআরসি